

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৮.২০-১৫৬

তারিখঃ ০৩/১২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ‘বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি (২য় সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের আওতায় টেন্ডার প্যাকেজ নং-GD13(ii)
এর পণ্য ক্রয় পদ্ধতি থেকে সেবা ক্রয় পদ্ধতিতে স্থানান্তর বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ-আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের প্যামস্টেক উইং এর স্মারক নং-২০.২২৩.০১৪০.০০.০১১.২০১৬-২২৩;
তারিখঃ ২৯/১০/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর
বিধি-২(৩০) এ ‘পণ্য’র সংগা নিম্নরূপ দেয়া আছেঃ

“পণ্য” অর্থ কাচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল বা বায়বীয় আকারে পণ্যদ্রব্য,
বিদ্যুৎ প্রস্তুতকৃত কম্পিউটার সফটওয়্যার (off-the-shelf) ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার
এবং পণ্য সংশ্লিষ্ট সেবা, যদি উহার মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয়”।

অন্যদিকে, বিধি-২(৪২) এ বুদ্ধিবৃত্তিক ও পরামর্শক সেবার বিষয়ে নিম্নরূপ উল্লেখ আছেঃ

“বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা” অর্থ বুদ্ধিবৃত্তিক অথবা পেশাগত বিষয়ে চুক্তিতে বর্ণিত মতে পরামর্শক কর্তৃক
পরামর্শ প্রদান, বা কোন কম্পিউটার সফটওয়্যার ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার
প্রস্তুতকরণ, বা ডিজাইন প্রণয়ন, বা কাজের তত্ত্বাবধান বা ব্যবহারিক জ্ঞান হস্তান্তর বিষয়ক সেবা, এবং সরকার কর্তৃক
এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা”।

০২। বিবেচ্য ক্রয়ের ক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার মূল্য মুখ্য হলে ক্রয়টি বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা
তিসেবে বিবেচিত হবে এবং তদানুযায়ী ক্রয় পদ্ধতি নির্ধারণ এবং আদর্শ দলিল নির্বাচন করতে হবে।


০৩। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত ক্রয়ের বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা
হলো।

সদস্য
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন
শের-ই-বাংলা নগর, ঢাকা।

[দৃ. আ. সিনিয়র সহকারী প্রধান, প্যামস্টেক উইং]

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।


(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০১